অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রচেস্টারে 27 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী ও সহায়ক আবাসন তৈরির নির্মাণ কাজ শুরুর ঘোষণা দিলেন

বিচউড পাড়ায় বসবাসরত পরিবারের জন্য স্ক্যাটার্ড সাইট ডেভেলপমেন্ট 53টি বিদ্যুৎ সাশ্রয়ী বাড়ি নিশ্চিত করবে

বিনিয়োগের পরিপূরক "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" — কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতির বৃদ্ধি করার জন্য অঞ্চলটির সমন্বিত কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে রচেস্টারের বিচউড পাড়ায় 53টি নতুন বাড়ি নির্মাণ কাজ চলছে। 27 মিলিয়ন মার্কিন ডলারের স্ক্যাটার্ড সাইট ডেভেলপমেন্টের মধ্যে রয়েছে রচেস্টার হাউজিং অথরিটি কর্তৃক পরিচালিত পরিত্যাক্ত সম্পত্তি ধ্বংস করা এবং 25টি পৃথক স্থানে বাড়ি নির্মাণের জন্য অন্যদের যথাযথ পুনর্বাসন।

"আজ থেকে শুরু হওয়া কাজটি সিটির জরুরিভাবে প্রয়োজনীয় আবাসনের সুযোগ তৈরি ও সংরক্ষণ করে বিচউড পাড়ার পুনরুজ্জীবনে লক্ষ লক্ষ মার্কিন ডলার বিনিয়োগ করবে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন স্টেটের আবাসন সংকটের সমাধান খুঁজতে প্রতিশ্রুতিবদ্ধ যা নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী মূল্যের, বিদ্যুৎ-সাশ্রয়ী বাড়ি নিশ্চিত করবে এবং বসবাসরত বাসিন্দাদের ও ভবিষ্যত প্রজন্মের জন্য আশেপাশের পাড়াগুলোকে উন্নত করবে।"

উন্নয়নের সম্পূরক গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার অংশ যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ করে আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য 10,000টি সহায়ক সেবাসহ বাসা থাকবে এবং একই সাথে আরো 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

প্রাথমিকভাবে বিচউড পাড়ার মধ্যে অবস্থিত, ডেভেলপমেন্টটি রচেস্টারের দীর্ঘ 2034 রূপকল্পে বর্ণিত কমিউনিটির পুনরুজ্জীবনের লক্ষ্যগুলোকে আরো এগিয়ে নিয়ে যায়। পাড়ার পরিবেশ উন্নত করার লক্ষ্যে বিচউড নেবারহুড অ্যাসোসিয়েশন (Beechwood Neighborhood Association)-এর সহযোগিতায় প্রকল্পটি তৈরি করা হচ্ছে।

নির্মাণ কার্যক্রমের অংশ হিসেবে, রচেস্টার হাউজিং অথরিটি (Rochester Housing Authority)-এর ফেডারেল স্ট্রিট সম্পত্তির আটটি ব্লাইটেড কাঠামো ভেঙে ফেলা হবে এবং মোট 18টি বাড়ির জন্য দুইটি নিম্ন-উচ্চ মাল্টি-ফ্যামিলি বিল্ডিং ও একটি একক-ফ্যামিলি হোম নির্মাণের মাধ্যমে তা প্রতিস্থাপিত করা হবে।

অতিরিক্ত নির্মাণ সাইটগুলো 35টি বর্তমান বাড়ির প্রতিস্থাপন বা উল্লেখযোগ্য পুনর্বাসনের সাথে সম্পর্কযুক্ত। বাড়িগুলো হবে দুই-, তিন- এবং চার-বেডরুম বিশিষ্ট ইউনিটের মিশ্রণ যা পাড়ার মধ্যম আয় সীমার 30 থেকে 90 শতাংশের মধ্যে উপার্জনকারী পরিবারগুলোর ক্ষেত্রে সাশ্রয়ী।

যেকোনো ফৌজদারি বিচারের ইতিহাস থাকা গৃহহীনতার সম্মুখীন হওয়াদের জন্য সহায়ক পরিষেবা হিসেবে এই ডেভেলপমেন্টের মধ্যে নয়টি অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত থাকবে। ভাড়া-সংক্রান্ত ভর্তুকি ও পরিষেবার খরচ এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ (Empire State Supportive Housing Initiative)-এর মাধ্যমে পরিশোধ করা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) এটি পরিচালনা করবে। সহায়ক সেবাদানকারী হচ্ছে স্পিরিট ক্রাইস্ট প্রিজন আউটরিচ (Spiritus Christi Prison Outreach)।

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (Energy Research and Development Authority)-এর নিউ কনস্ট্রাকশন - হাউজিং প্রোগ্রামের টায়ার 4 মানদণ্ড পূরণ করার জন্য ডিজাইন করা হয়েছে, ডেভেলপমেন্টটি এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, কম-প্রবাহের জলের ধারা এবং LED আলো ব্যবহার করবে। ফেডারেল স্ট্রিট সাইটের একটি ভবনে সোলার প্যানেলও স্থাপন করা হবে। পুনর্বাসিত বাড়িগুলোর আধুনিকায়নের মধ্যে নতুন উচ্চ-কার্যকরী বয়লার, উন্নত বায়ু চলাচল সুবিধা, উন্নত দেয়াল এবং জানালা প্রতিস্থাপন ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে। ফেডারেল স্ট্রিট সাইটে বিনামূল্যে Wi-Fi, বৈদ্যুতিক গাড়ির জন্য একটি চার্জিং স্টেশন এবং একটি খেলার মাঠও অন্তর্ভুক্ত থাকবে।

রচেস্টার হাউজিং অথরিটি পরামর্শক এজমেয়ার ডেভেলপমেন্ট (Edgemere Development)-এর সাথে প্রকল্পটি তৈরি করছে।

ডেভেলপমেন্টের অর্থায়নের মধ্যে স্টেট ও ফেডারেল নিম্ন-আয়ের আবাসনের জন্য কর ক্রেডিট হিসেবে 13 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 7 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও প্রকল্পটি অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary Disability Assistance, OTDA) পরিচালিত গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি (Homeless Housing and Assistance Program) থেকে 2 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে। তহবিলে NYSERDA 85,500 মার্কিন ডলার দিচ্ছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation), নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ড (New York State Common Retirement Fund)-এর সাথে অংশীদারিত্বের মাধ্যমে SONYMA-বিমাকৃত 2 মিলিয়ন মার্কিন ডলারের স্থায়ী ঋণ দিচ্ছে। রচেস্টার সিটি এবং রচেস্টার হাউজিং অথরিটি 400,000 মার্কিন ডলার ভর্তুকি প্রদান করছে।

গত পাঁচ বছরে, রচেস্টার সিটিতে 2,100 এর বেশি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করতে নিউ ইয়র্ক স্টেট হোম অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল 200 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যার মধ্যে রয়েছে সাম্প্রতিক সমাপ্ত হওয়া এডনা ক্রেভেন এস্টেটস (Edna Craven Estates)।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "দুই ডজন জায়গায় জরাজীর্ণ সম্পত্তির পুনর্বাসন বা প্রতিস্থাপনের মাধ্যমে, এই নতুন ডেভেলপমেন্টটি সিটির বিচউড পাড়ার জন্য যুগান্তকারী হবে। আমাদের বিনিয়োগ অত্যন্ত প্রয়োজনীয় পাবলিক হাউজিং স্টক সংরক্ষণ করছে, দুঃস্থ ব্যক্তিদের জন্য সহায়ক বাড়ি সরবরাহ করছে এবং বর্তমান ও ভবিষ্যতের বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করছে। রচেস্টারের এই ডেভেলপমেন্টকে বাস্তবে পরিণত করার জন্য যে সমস্ত সরকারি ও বেসরকারি অংশীদার নিরবিচ্ছিন্ন ভূমিকা পালন করেছেন তাদের সকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিসট্যান্সের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "সাশ্রয়ী আবাসনকে সহায়ক পরিষেবাগুলোর সাথে যুক্ত করে এমন ডেভেলপমেন্টগুলো স্থিতিশীল পরিবেশ প্রদান করতে পারে যা নাগরিকদের গৃহহীনতার চক্র ভাঙতে সাহায্য করার জন্য প্রায়শই প্রয়োজন হয়। রচেস্টার হাউজিং অথরিটির প্রকল্পটি ফেডারেল স্ট্রিট বরাবর এবং সিটির বিচউড পাড়ার অন্যত্র এই এলাকায় আবাসন সমস্যায় ভোগা বা সম্মুখীন হওয়া ব্যক্তি ও পরিবারগুলোকে নতুন আশার সঞ্চার করবে। এই প্রকল্পটি, ফিঙ্গার লেকস অঞ্চলের অন্যন্যাগুলোর মতো, সকল নিউ ইয়র্কবাসীগণ আমাদের স্টেট জুড়ে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন অ্যাক্সেস করতে পারে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের ধারাবাহিক প্রতিশ্রুতি প্রদর্শন করে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট এবং CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "আমাদের সবচেয়ে দুঃস্থ নাগরিকদের জন্য নবনির্মিত অল-ইলেকট্রিক হোমে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, LED আলো, এবং উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন জানালা এবং দেয়ালের মতো বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবস্থাগুলো অন্তর্ভুক্ত করা পরবর্তী প্রজন্মের স্বাস্থ্যকর এবং আধুনিক বিল্ডিং নির্মাণের জন্য গুরুত্বপূর্ণ যেমনটি আমরা 2030 সালের মধ্যে দুই মিলিয়ন পরিবেশবান্ধব বাড়ি নির্মাণে গভর্নর হোকলের লক্ষ্য উপলব্ধি করেছি। NYSERDA পরিবেশ এবং তাদের কমিউনিটির প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য ফেডারেল স্ট্রিট ডেভেলপমেন্টকে সমর্থন করতে পেরে এবং নির্মাণ শুরু করার জন্য তাদের অভিনন্দন জানাতে পেরে গর্বিত।"

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশনের ভাইস প্রেসিডেন্ট, মর্টগেজ অফিসার মিরিয়াম জিন্টার বলেন, "রচেস্টারের পাবলিক হাউজিং আমাদের সবচেয়ে দুঃস্থ কিছু পরিবারকে সাশ্রয়ী মূল্যের বাড়ি দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। 22টি নতুন ইউনিট নির্মাণের সাথে বিদ্যমান ফেডারেল স্ট্রিট সম্পত্তির পুনর্বাসনের জন্য যে কাজ করা হচ্ছে তা সিটির সাশ্রয়ী মূল্যের হাউজিং স্টককে শক্তিশালী করবে এবং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের নিরাপদ, স্থিতিশীল এবং অ্যাক্সেসযোগ্য আবাসন সুবিধা প্রদান করবে। আমি রচেস্টার সিটি এবং রচেস্টার হাউজিং অথরিটি, HCR এবং স্টেটের কমন রিটায়ারমেন্ট ফান্ডে আমাদের ঋণদানকারী অংশীদারদের তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই।"

প্রতিনিধি জো মোরেল বলেন, "বাড়ি বলে ডাকার মতো একটি নিরাপদ ও স্থিতিশীল জায়গা থাকাই হলো একটি সফল ভবিষ্যতের মূল বিল্ডিং ব্লক যা আমাদের কমিউনিটির প্রত্যেকে এই লক্ষ্যে পৌঁছাতে পারে তা নিশ্চিত করার জন্য ন্যায়সঙ্গত ও অন্তর্ভুক্তিমূলক আবাসনের প্রাপ্যতা বৃদ্ধি আমাদের আরো এক ধাপ কাছাকাছি নিয়ে আসবে। এই প্রকল্পটিকে সম্ভব করার জন্য ফেডারেল তহবিল নিশ্চিত করতে পেরে আমি গর্বিত এবং আমাদের আশেপাশের পাড়াগুলোকে পুনরুজ্জীবিত করতে এবং স্থানীয় পরিবারগুলোকে আধুনিক করার জন্য গভর্নর হোকলের নিষ্ঠা ও প্রতিশ্রুতির প্রশংসা করি।"

স্টেট সিনেটর সামরা ব্রুক বলেন, "সাশ্রয়ী মূল্যের আবাসনে অ্যাক্সেস নিরাপদ এবং স্বাস্থ্যকর পাড়া গঠনের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান। অকার্যকর সম্পত্তি পুনর্বাসন করে এবং নতুন বাড়ি নির্মাণ করে, এই প্রকল্পটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আমাদের কমিউনিটির বাসিন্দাদের জন্য তাদের প্রাপ্য মানসম্পন্ন আবাসন সুবিধা রয়েছে। সরকারে থাকা আমার অংশীদারদের পাশাপাশি রচেস্টার হাউজিং অথরিটির কাছে আমি কৃতজ্ঞ, এই প্রকল্পে তাদের কাজ করার জন্য এবং আমাদের কমিউনিটির প্রত্যেক সদস্যের বাড়ি বলে ডাকার মতো একটি নিরাপদ জায়গা আছে তা নিশ্চিত করার জন্য আমি কাজ করা চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছি।"

অ্যাসেম্বলি মেম্বার ডেমন্ড মিক্স বলেন, "আমি আনন্দিত কারণ রচেস্টার হাউজিং অথরিটি (Rochester Housing Authority, RHA) তাদের ফেডারেল স্ট্রিট সম্পত্তি এবং সংলগ্ন স্ক্যাটার্ড সাইটগুলোর জন্য একটি রেন্টাল অ্যাসিস্ট্যান্স ডেমোন্সট্রেশন (Rental Assistance Demonstration, RAD) রূপান্তর এবং পুনর্গঠন প্রকল্পে কাজ এগিয়ে নিচ্ছে। এই প্রধান সংস্কারের মধ্য দিয়ে আমাদের কমিউনিটির মধ্যে বেশ কিছু বাসিন্দাদের জন্য বাসযোগ্য থাকার জায়গা পুনর্বাসনের সময় বৃহত্তরভাবে বসবাসের সুযোগ প্রদান করে। জীবনযাত্রার মান উন্নত করার মানে হলো সাশ্রয়ী মূল্যের আবাসনকে অগ্রাধিকার দেওয়া যাতে পরিবার ও শিশুরা কাঙ্ক্ষিত জীবনযাত্রার মাধ্যমে টেকসইভাবে উন্নতি অর্জন করতে পারে। এই প্রকল্পটি বহুপরিবার-ভিত্তিত বিল্ডিং, পারিবারিক বাড়ি স্থাপন এবং বর্তমান ইউনিট পুনর্গঠনের সময় আমাদের পাড়ার সম্পদের উন্নয়ন ঘটাবে। HCR, OTDA, NYSERDA, CPC, রচেস্টার হোম, রচেস্টার হাউজিং অথরিটি এবং ESL ফেডারেল ক্রেডিট ইউনিয়নকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি মেম্বার হ্যারি ব্রনসন বলেন, "আজকের ঘোষণাটি রচেস্টারের পরিবারগুলোর জন্য একটি স্মরণীয় অর্জন। যেমন অনেক পরিবার জানে যে আমাদের কমিউনিটির সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রয়োজন এবং ফেডারেল স্ট্রিট ডেভেলপমেন্ট আরো অনেক পরিবারকে বাড়ি বলে ডাকার মতো জায়গা দেবে। ইস্ট মেইন স্ট্রিট করিডোর এবং বিচউড পাড়া ও আমাদের পরিবারগুলোর প্রতি NYS হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, এজমেয়ার, রচেস্টার হাউজিং অথরিটি, ESL এবং রচেস্টার হোমের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাই।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন, "ফেডারেল স্ট্রিট এবং সংলগ্ন সাইটগুলোতে এই আবাসন ডেভেলপমেন্টের লক্ষ্য হলো বিচউড পাড়ার কয়েক ডজন

বাসিন্দার জন্য নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিত করা। রচেস্টারের বাসিন্দাদের জন্য মানসম্পন্ন নিরাপদ আবাসনে বিনিয়োগ করার জন্য গভর্নর হোকল, এজমেয়ার এবং রচেস্টার হাউজিং অথরিটিকে ধন্যবাদ।"

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেন, "আমাদের বিচউড পাড়ায় বর্তমান এবং ভবিষ্যতের আবাসন চাহিদার বৈচিত্র্যের আধুনিকায়নের জন্য আমি গভর্নর হোকল এবং রচেস্টার হাউজিং অথরিটির কাছে তাদের বিনিয়োগের জন্য কৃতজ্ঞ। এই অংশীদারিত্ব আমাদের ব্যক্তি ও পরিবারের জন্য আরো স্থিতিশীল, সাশ্রয়ী, বিদ্যুৎ-সাশ্রয়ী এবং উচ্চ-মানসম্পন্ন আবাসন নিশ্চিতের মাধ্যমে একটি নিরাপদ, ন্যায়সঙ্গত এবং সমৃদ্ধ রচেস্টার তৈরির আমাদের মিশন সম্পন্ন করতে সাহায্য করবে।"

রচেস্টার হাউজিং অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর শন বার বলেন, "রচেস্টার হাউজিং অথরিটি এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি শুরু করতে পেরে উচ্ছ্বসিত এবং সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন ও সংরক্ষণে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতি ও সমর্থনের জন্য অত্যন্ত কৃতজ্ঞ। মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসন আমাদের কমিউনিটির জন্য জরুরি এবং এই প্রকল্পটি RHA-এর হাউজিং স্টক বৃদ্ধি ও সংরক্ষণের লক্ষ্য অর্জনে সহায়তা করবে।"

পার্টনার এবং ভাইস প্রেসিডেন্ট, এজমেয়ার ডেভেলপমেন্ট, ক্রিস রোলান বলেন, "এই গুরুত্বপূর্ণ প্রকল্পটি সম্পন্নের জন্য প্রয়োজনীয় সমর্থন, কঠোর পরিশ্রম এবং সহযোগিতার জন্য এজমেয়ার ডেভেলপমেন্ট কৃতজ্ঞ। এই প্রকল্পটি হাউজিং অথরিটির জন্য একটি নতুন প্রচেষ্টার সূচনা করে এবং আমরা তাদের পরিকল্পনা কমিউনিটি ও এর বাসিন্দাদের জন্য ফলপ্রসূ হতে দেখে বেশ উচ্ছ্বসিত।"

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কমিউনিটির উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক কৌশল। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত উৎপাদন সহ মূল শিল্পগুলোতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418